Recruitment Notice

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

নং- ৩৮.০০.০০০০.৩০১.১১.২৯৪.০৮- ৫৮৮

তারিখ: ০৩ আষাঢ় ১৪২৬
১৭ জুন ২০১৯

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে সরকারি বিধি মোতাবেক নিয়োগ প্রদানের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন গ্রেড | পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যেসকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১। | কম্পিউটার অপারেটর, ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ২(দুই)টি | অনুর্ধ্ব ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test –এ উত্তীর্ণ হতে হবে। | নোয়াখালী, চাঁদপুর, টাঙ্গাইল, বগুড়া, রাঙ্গামাটি, মাদারীপুর, পাবনা, বরিশাল, জয়পুরহাট, সিরাজগঞ্জ, ঝালকাঠি, মানিকগঞ্জ, পিরোজপুর, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, লক্ষ্মীপুর, দিনাজপুর, ব্রাহ্মণবাড়ীয়া, গাইবান্ধা, কুমিল্লা, গাজীপুর, কক্সবাজার এবং নরসিংদী জেলা ব্যতীত সকল জেলা। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ১। | অডিও ভিজ্যুয়াল টেকনিশিয়ান, ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১(এক)টি | অনুর্ধ্ব ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং (খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |

আবেদনের শর্ত ও নিয়মাবলী:

১। নিয়োগ সংক্রান্ত সকল তথ্য www.bnfe.gov.bd ওয়েবসাইট এ পাওয়া যাবে। প্রার্থীকে ওয়েবসাইট হতে আবেদনপত্রের নির্ধারিত ফরম ডাউনলোড করে কম্পিউটার কম্পোজ করে স্বাক্ষরসহ প্রেরণ করতে হবে।

২। মুক্তিযোদ্ধার সন্তান বা শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর।

৩। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

৪। উল্লেখিত পদের জন্য ১০০/- (একশত) টাকা কোড নং ১-২৪৫০-০০০০-২০৩১ -এ ট্রেজারী চালানের মাধ্যমে 'মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা' এর অনুকূলে জমা দিয়ে চালানের মূলকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫। প্রবেশপত্র প্রেরণের জন্য প্রার্থীর নাম ও যোগাযোগের ঠিকানা উল্লেখ পূর্বক ৬/-(ছয়) টাকার ডাক টিকেটযুক্ত ৪×১০ ইঞ্চি সাইজের ২টি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ফেরত খামের উপর পদের নাম এবং নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

৬। প্রার্থীর ছবি, পরীক্ষার ফি বাবদ চালান কপি এবং ফেরত খাম ব্যতীত অন্যকোন সনদ বা প্রমাণপত্রের অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করার প্রয়োজন নেই। মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লেখিত সকল সনদ বা প্রমাণপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

৭। আবেদনপত্র আগামী ৭ই জুলাই, ২০১৯ তারিখের মধ্যে ''মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১ তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮'' এ ঠিকানায় পৌঁছাতে হবে। খামের উপর পদের নাম, নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

৮। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

৯। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

১০। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। আবেদনপত্র গ্রহণ/বাতিল, নিয়োগ এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদসংখ্যা হ্রাস বৃদ্ধিসহ সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত চাকরি সংক্রান্ত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৩। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(শামস আল মুজাদ্দিদ) ১৭/০৬/১৯
(যুগ্ম সচিব)
পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সভাপতি,
বিভাগীয় নির্বাচন কমিটি
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
ফোন-৯৮৬৩০৭৮

F:\BNFE Manpower\Recruitment\advertiseCircular.doc

# চাকুরীর আবেদন ফরম

৫×৫ সে.মি.
ছবি
(সম্প্রতি তোলা, দুই কপি)
১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক
সত্যায়িত

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) : | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | | ৬. জন্মস্থান (জেলা) : | | | | | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | | | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) : | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| ১৯. | কোটা (টিক দিন) : | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |
| | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | তারিখ: দি \| ন \| মা \| স \| ব \| ৎ \| স \| র | | |
| ২০. | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | প্রার্থীর স্বাক্ষর |